# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ-১

ফোন : ৯৫৫০৪০৩
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১২১১


সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৫৪)/২০১৬-১৭/৫৭৯(১২০০) তারিখঃ ১৭/০৪/২০১৭

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক,
সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তি (জমি) এর মূল্য নির্ধারণের পদ্ধতি প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের জারীকৃত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০১০ তারিখ ২৪/১১/২০১০ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিকেবি পরিচালনা পর্ষদের বিগত ২৭/১০/২০১০ তারিখে অনুষ্ঠিত ৫২১তম সভার অনুমোদন মোতাবেক ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তির (জমি) মূল্য নির্ধারণের পদ্ধতি বিষয়ক নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০১০ তারিখ ২৪/১১/২০১০ জারী করা হয় যা বর্তমানে কার্যকর রয়েছে। বিগত ১৩/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত বিকেবি পরিচালনা পরিষদের ৬৮১ তম সভার আলোচনা মোতাবেক ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তির (জমি) মূল্য নির্ধারণের পদ্ধতি বিষয়ক ২৪/১১/২০১০ তারিখে জারীকৃত নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০১০ এর বিষয়ে পর্ষদকে অবহিতকরণের জন্য সদয় নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তি (জমি) এর মূল্য নির্ধারণের পদ্ধতি প্রসঙ্গে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০১০ তারিখ ২৪/১১/২০১০ বিস্তারিতভাবে পর্ষদের সদয় অবগতির জন্য উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনা পূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

"ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তি (জমি) এর মূল্য নির্ধারণের পদ্ধতি পর্ষদ অবহিত হন এবং জামানতি সম্পত্তি মূল্যায়নের ছকে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যের পাশাপাশি সাব-রেজিস্ট্রি অফিস কর্তৃক নির্ধারিত মৌজা রেট অনুযায়ী নির্ধারিত মূল্য উল্লেখ করতে হবে মর্মে নির্দেশ প্রদান করেন।"

০৪। এমতাবস্থায়, মূল্যায়ন কমিটি কর্তৃক জামানতি সম্পত্তি (জমি) এর মূল্য নির্ধারণের ক্ষেত্রে পর্ষদের উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৫। এতদ্ব্যতিত, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৪/২০১০ তারিখ ২৪/১১/২০১০ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

আপনার বিশ্বস্ত,
১৭/০৪/২০১৭
(ঠাকুর দাস কুন্ডু)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৫৪)/ ২০১৬-১৭/৫৭৯(১২০০) তারিখঃ -ঐ-

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **(উপরোক্ত সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।**
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমহ।
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমহ।
৮। নথি / মহানথি।

১৭.০৪.১৭
(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক